

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২১৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ উঁচু জায়গায় চড়ার সময় মুসাফির 'আল্লাহু আকবার' বলবে এবং নীচু জায়গায় নামবার সময় 'সুবহানাল্লাহ' বলবে। 'তকবীর' ইত্যাদি বলার সময় অত্যন্ত উচ্চৈঃস্বরে বলা নিষেধ

আববী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَجُلاً قَالَ: يَا رَسُوْلَ اللهِ إِنِّي أُرِيدُ أَنْ أُسَافِرَ فَأَوْصِنِي قَالَ عَلَيْكَ بِتَقْوَى اللهِ وَالتَّكْبِيرِ عَلَى كُلِّ شَرَفٍ فَلَمَّا وَلَّى الرَّجُلُ قَالَ اللَّهُمَّ اطْوِ لَهُ البُعْدَ، وَهَوِّنْ عَلَيْهِ السَّفَرَ رواه الترمذي وَقَالَ حديث حسن

বাংলা

(৩২১৩) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, এক ব্যক্তি নিবেদন করল, 'হে আল্লাহর রসূল! আমি ইচ্ছা করেছি, সফরে যাব, আমাকে উপদেশ দিন।' তিনি বললেন, ''তুমি আল্লাহ-ভীতি অবলম্বন করো এবং প্রত্যেক উঁচু স্থানে নিয়মিত 'আল্লাহু আকবার' পড়ো।'' যখন লোকটা পিছন ফিরে যেতে লাগল, তখন তিনি (তার জন্য দু'আ করে) বললেন, 'আল্লাহুম্মাত্ববি লাহুল বু'দা অহাওবিন আলাইহিস সাফার।' অর্থাৎ, হে আল্লাহ! তুমি ওর পথের দূরত্ব গুটিয়ে দিয়ো এবং ওর জন্য সফর আসান করে দিয়ো।

ফুটনোট

(তিরমিযী ৩৪৪৫, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন